



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ ৩৪৬/২, তোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ।

ফোনঃ ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান)

www.mymensingheducationboard.gov.bd



নং- মশিবো/বিদ্যা/১৫/২০১৯/৬২৩

তারিখঃ ২০/০৩/২০২৩ খ্রিঃ

বিষয়ঃ মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং- ৬৬৮৮/২০২১ এর আদেশ বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্রঃ মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং- ১৪১২২/২০২২ এর আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্র মূলে শেরপুর জেলার শ্রীবরদী উপজেলাধীন “শ্রীবরদী আকবরিয়া পাবলিক পাইলট ইসস্টিটিউশন” এর ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে বিভিন্ন ক্যাটাগরিতে সদস্য নির্বাচন সম্পন্ন হওয়ার পরবর্তীতে কমিটির সভাপতি নির্বাচনকে কেন্দ্র করে বিদ্যালয়ের দাতা ও প্রতিষ্ঠাতাদের উত্তরসূরীগণ এবং স্থানীয় একটি গ্রুপের মধ্যে সংঘাত সৃষ্টির উপক্রম হয়। সভাপতি নির্বাচনের সভা আহবান করা হলে প্রতিষ্ঠানের নিরাপত্তা বিঘ্নিত হওয়ার আশঙ্কা তৈরি হওয়ার ফলশ্রুতিতে কমিটির সভাপতি নির্বাচন করা সম্ভব হয়নি মর্মে নির্বাচন পরিচালনার সঙ্গে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার ও প্রিজাইডিং অফিসার এবং জেলা শিক্ষা অফিসার লিখিতভাবে বোর্ডকে অবহিত করেছেন। তদপরবর্তীতে বিদ্যালয়টি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে এডহক কমিটি গঠনের জন্য বিদ্যালয় কর্তৃপক্ষের আবেদনের প্রেক্ষিতে বোর্ড তা অনুমোদন করে। বর্তমানে বিদ্যালয়টি এডহক কমিটি দ্বারা পরিচালিত হচ্ছে।

যেহেতু ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান ৮(১) অনুসারে বিভিন্ন ক্যাটাগরিতে সদস্য নির্বাচন সম্পন্ন হওয়ার অনধিক ০৭(সাত) দিনের মধ্যে সভাপতি নির্বাচন করা সম্ভব হয়নি তাই বিদ্যালয়ে উল্লিখিত ম্যানেজিং কমিটি গঠন করার আর সুযোগ নেই। পরবর্তীতে বিধি অনুযায়ী নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

উদ্ধৃত বিষয়টি এতদ্রূপে নিষ্পত্তি করা হলো।

প্রাপকঃ

প্রধান শিক্ষক,
শ্রীবরদী আকবরিয়া পাবলিক পাইলট ইসস্টিটিউশন
উপজেলাঃ শ্রীবরদী, জেলাঃ শেরপুর।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
স্বাঃ

ড. মোঃ দিদারুল ইসলাম
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

মেমো নং- ৬২৩(৯)

তারিখঃ ২০/০৩/২০২৩ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। সহকারি রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীবরদী, শেরপুর।
- ৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ।
- ৫। জেলা শিক্ষা অফিসার, শেরপুর।
- ৬। সহকারি প্রোগ্রামার, অত্র বোর্ড (পত্রটি অত্র বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ অনুরোধসহ)।
- ৭। সভাপতি, এডহক কমিটি, “শ্রীবরদী আকবরিয়া পাবলিক পাইলট ইসস্টিটিউশন”, শ্রীবরদী, শেরপুর।
- ৮। জনাব মোঃ মনিরুজ্জামান (পিটিশনার), শ্রীবরদী, শেরপুর।
- ৯। অফিস কপি।

Didarul Islam
20.03.2023

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।